'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 6th Semester Examination, 2022

## CC13-BENGALI

### নির্বাচিত বাংলা ছোটগল্প

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'বোষ্টমী' গল্পে আনন্দী কে ? কেন তিনি গৃহত্যাগ করেছিলেন ?

(খ) 'ছিন্নমস্তা' গল্পে ছিন্নমস্তা কে ? তার পরিচয় অনধিক চার লাইনে ব্যক্ত করো।

(গ) 'পুঁইমাচা' গল্পে বর্ণিত চরিত্রগুলির নাম লেখো।

(ঘ) ''জগতে কেউ তাহাকে ভালোবাসে না – কেবল ভালোবাসে তাহার মৌরীফুল।'' – গল্পটি কোন্ গল্পগ্রন্থের অন্তর্গত ? কার সম্পর্কে বলা হয়েছে এবং কেন বলা হয়েছে ?

(ঙ) 'মেঘ ও রৌদ্র' গল্পের কেন্দ্রীয় চরিত্রগুলির নাম লেখো। গল্পটি কত সালে কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ?

(চ) 'রস' গল্পটি কোন্ পত্রিকায় এবং কত সালে প্রকাশিত হয় ? এই গল্পের দুটি নারী চরিত্রের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ছোটগল্প হিসেবে 'শাস্তি' গল্পের সার্থকতা সংক্ষেপে বিচার করো।

(খ) 'শুধু কেরানী' গল্পের শুরু ও শেষে পাখির নীড়ের দুটি রূপক ব্যবহার করা হয়েছে। এই রূপকের তাৎপর্য বিশ্লেষণ করো।

(গ) 'এক পো দুধ' গল্পে নিম্ন মধ্যবিত্ত মানুষের জীবন যাপনের যে চিত্র শিল্পরূপ পেয়েছে তা বিবৃত করো।

(ঘ) 'মেঘ ও রৌদ্র' গল্পের নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঙ) 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পটি 'লিরিকধর্মী গল্প' — বিষয়টি পরিস্ফুট করো।

(চ) আশাপূর্ণা দেবীর 'ইজ্জত' গল্পে বর্ণিত পুরুষতান্ত্রিক সমাজব্যবস্থার স্বরূপ উন্মোচন করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'অতিথি' গল্পের নামকরণের অনুষঙ্গে তারাপদ চরিত্রের পরিচয় দাও।

(খ) '' 'প্রকৃতি ও মানুষ' একসঙ্গে মিলেমিশে গেছে।'' – 'পুঁইমাচা' গল্প সম্পর্কে সমালোচকের এই বক্তব্য কতটা সঙ্গত বলে তুমি মনে করো ?

(গ) 'রস' গল্পের নামকরণ বিষয়ের সঙ্গে কতটা সঙ্গত বলতে তুমি মনে করো ?

(ঘ) 'নিমগাছ' গল্পের নাটকীয় তাৎপর্য ব্যাখ্যা করো।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 6th Semester Examination, 2022

## CC14-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) স্থায়ীভাব কয়টি ও কী কী ?

(খ) ঔচিত্যবাদের প্রবক্তা কে ? ঔচিত্য বিষয়ে রচিত তাঁর গ্রন্থটির নাম উল্লেখ করো। তিনি কোন্ শতাব্দীর আলংকারিক ছিলেন ?

(গ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'দুর্গেশনন্দিনী' কোন্ শ্রেণির উপন্যাস ? সেই ধরনের বাংলা আরো চারটি উপন্যাসের উদাহরণ দাও।

(ঘ) ত্রয়ী মহাকাব্য কী ? বাংলা সাহিত্যে এই জাতীয় মহাকাব্যের রচয়িতার নাম লেখো। সেই ত্রয়ী মহাকাব্যের নাম উল্লেখ করো।

(ঙ) বিষয় গৌরবী প্রবন্ধ কাকে বলে ? এই শ্রেণির তিনটি প্রবন্ধ ও প্রাবন্ধিকের নাম লেখো।

(চ) নিম্নলিখিত নাটকগুলি কোন্‌টি কোন্ শ্রেণির ?

শর্মিষ্ঠা, সধবার একাদশী, প্রফুল্ল, সাজাহান, রাজা।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) রসনিষ্পত্তিতে সঞ্চারীভাবের ভূমিকা আলোচনা করো।

(খ) আঞ্চলিক উপন্যাসের প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(গ) আধুনিক বাংলা কবিতায় স্যুররিয়ালিজমের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

(ঘ) পত্র কখন সাহিত্যের পর্যায়ে উন্নীত হয় ? আলোচনা করো।

(ঙ) কমেডি ও ট্র্যাজেডির পার্থক্য আলোচনা করো।

(চ) ঐতিহাসিক সমালোচনার রীতি পদ্ধতি সম্বন্ধে আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ধ্বনি কী ? ধ্বনির শ্রেণিবিভাগ করো। তোমার মতে শ্রেষ্ঠধ্বনি কোন্‌টি তা যুক্তিসহ বিশ্লেষণ করো।

(খ) মহাকাব্যের সংজ্ঞা দাও। একটি সাহিত্যিক মহাকাব্যের আলোকে এই শ্রেণির মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

(গ) চেতনাপ্রবাহমূলক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি লেখো। এই ধরনের উপন্যাসের সঙ্গে মনস্তাত্ত্বিক উপন্যাসের পার্থক্য আলোচনা করো।

(ঘ) একাঙ্ক নাটক কাকে বলে ? এই শ্রেণির নাটকের গঠন বৈশিষ্ট্য আলোচনা করে বাংলা সাহিত্যের এই শ্রেণির নাটকের পরিচয় দাও।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2022

## DSE1/2-P2-BENGALI (A2/B2)

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-A2 and DSE-B2.**
**The candidates are required to answer any *one* from *two* papers.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-A2

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) যতীন্দ্রনাথ সেনগুপ্তের তিনটি কাব্যগ্রন্থের নাম ও প্রকাশকাল উল্লেখ করো।

(খ) 'বন্যা' গল্পটির পটভূমি কোন্ অঞ্চলের ? গল্পটি কার লেখা ? কোন নদীতে বন্যা হয়েছিল ?

(গ) 'সুবর্ণলতা' উপন্যাসে সুবর্ণলতার বাবার নাম কী ? তিনি কেমন প্রকৃতির মানুষ ছিলেন ?

(ঘ) 'মরীচিকা' কাব্যগ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেছিলেন ? উৎসর্গপত্রে কী লেখা আছে ?

(ঙ) সতীনাথ ভাদুড়ীর যে-কোনো তিনটি গল্পের নাম উল্লেখ করে তিনটি চরিত্রের নাম লেখো।

(চ) আশাপূর্ণা দেবীর 'সুবর্ণলতা' কোন্ গোত্রের উপন্যাস ? এই উপন্যাসের তিনটি চরিত্রের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) যতীন্দ্রনাথ সেনগুপ্তকে 'দুঃখবাদী' কবি বলা যায় কিনা তোমার পাঠ্য কবিতা অবলম্বনে বুঝিয়ে দাও।

(খ) সুবর্ণলতার ব্যক্তিত্বের উপর তার মা সত্যবতীর প্রভাব কতটা পড়েছে তা নিজের ভাষায় লেখো।

(গ) 'গণনায়ক' ছোটগল্পের রাজনৈতিক প্রেক্ষাপট সংক্ষেপে বিবৃত করো।

(ঘ) 'হাট' কবিতাটি কার রচনা ? কবিতাটির কাব্যসৌন্দর্য সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) 'চকাচকী' গল্পে সতীনাথ ভাদুড়ী ব্যতিক্রমী প্রেমের যে দৃষ্টান্ত উপস্থাপিত করেছেন তার বর্ণনা দাও।

(চ) 'সুবর্ণলতা' উপন্যাসের মুক্তকেশী চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) যতীন্দ্রনাথ সেনগুপ্তের 'মরীচিকা' কাব্যগ্রন্থটির নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) 'সুবর্ণলতা' উপন্যাসকে নারীবাদী সাহিত্য বলা কতটা যুক্তিযুক্ত তা আলোচনা করো।

(গ) 'চরণদাস এম.এল.এ' গল্পে তৎকালীন রাজনীতির যে পরিচয় পাওয়া যায় তা পরিস্ফুটন করো।

(ঘ) 'পত্রলেখার বাবা' গল্পটির আখ্যানের শিল্প সার্থকতা বিচার করো।

অথবা

## DSE-B2

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) কল্পবিজ্ঞান কাকে বলে ? এর ইংরেজী প্রতিশব্দটি লেখো।

(খ) গোয়েন্দা কাহিনি বলতে কী বোঝো ? বাংলা ভাষায় লেখা চারটি গোয়েন্দা কাহিনির নাম লেখো।

(গ) 'সব ভুতুড়ে' গ্রন্থটি কত সালে প্রকাশিত ? গ্রন্থটি কাকে উৎসর্গ করা হয়েছিল ?

(ঘ) 'সব ভুতুড়ে' গ্রন্থে কয়টি গল্প আছে ? প্রথম ও শেষ গল্পের নাম লেখো।

(ঙ) 'চাঁদের পাহাড়' উপন্যাসের শঙ্কর কোথায়, কীসের চাকরী পেয়েছিল ?

(চ) 'চাঁদের পাহাড়' উপন্যাসে আলভারেজের মৃত্যু হয়েছিল কীভাবে ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা গোয়েন্দা কাহিনির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) বাংলা ডিটেকটিভ গল্প রচনায় শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(গ) একেবারে আহেরিটোলার বাড়িতে গিয়ে উঠেছিল ? তারপর কী ঘটেছিল ?

(ঘ) 'সত্যি নয়' গল্পটির বিষয় ভাবনার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) 'চাঁদের পাহাড়' উপন্যাসে প্রকৃতির ভূমিকা কতখানি আলোচনা করো।

(চ) শঙ্কর আলভারেজকে কী অবস্থায় উদ্ধার করেছিল ? উপন্যাসের পরবর্তী অংশে আলভারেজ কীভাবে শঙ্করকে সাহায্য করেছিল ?

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) 'চাঁদের পাহাড়' উপন্যাসের নাম করণের সার্থকতা আলোচনা করো।

(খ) 'সব ভুতুড়ে' গ্রন্থটির গল্পগুলির মূল সুর অতীন্দ্রিয়তা নাকি কল্পবিজ্ঞান — তোমার মতামতের সপক্ষে যুক্তি দাও।

(গ) 'চাঁদের পাহাড়' উপন্যাসের শঙ্কর চরিত্রটি বিশ্লেষণ করো।

(ঘ) 'সব ভুতুড়ে' গল্প সংকলনের যে-কোনো একটি গল্পের শিল্পরূপ আলোচনা করো।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 6th Semester Examination, 2022

## DSE-P3-BENGALI (3A/3B)

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-3A and DSE-3B.**
**The candidates are required to answer any *one* from *two* papers.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-3A

### পত্রসাহিত্য ও আত্মজীবনী

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৩×৪ = ১২

(ক) ছিন্নপত্রের বেশিরভাগ চিঠিগুলি কাকে লেখা ? তিনি সম্পর্কে রবীন্দ্রনাথের কে হন ? কত সালে চিঠিগুলি গ্রন্থাকারে প্রকাশিত হয় ?

(খ) ছিন্নপত্রের ১১ নং পত্রে কবির কী মনোভাব লক্ষ্য করা যায় ?

(গ) শিবনাথ শাস্ত্রীর 'আত্মচরিত' গ্রন্থের পরিচ্ছেদ সংখ্যা কয়টি ? দুটি পরিচ্ছেদের নাম লেখো।

(ঘ) ১৩ নং পত্রে বর্ণিত রবীন্দ্রনাথের মূল বক্তব্য অনধিক ছয়টি বাক্যে লেখো।

(ঙ) বিবেকানন্দ নানা সময়ে বিভিন্ন মানুষকে চিঠি লিখেছেন, তার মধ্যে অন্তত তিনজনের নাম লেখো।

(চ) শিবনাথ শাস্ত্রী 'আত্মচরিত' গ্রন্থের অনধিক ছ'টি বিশেষত্ব লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　৬×৪ = ২৪

(ক) ছিন্নপত্রের ১০৭ নং পত্রের মূল বক্তব্য লেখো।

(খ) ছিন্নপত্রের চিঠিগুলিতে সৌন্দর্যসাধক রবীন্দ্রনাথের যে পরিচয় ফুটে উঠেছে তার বর্ণনা দাও।

(গ) বিবেকানন্দের পাঠ্যপত্রাবলী অবলম্বনে বিবেকানন্দের ভাষাশৈলীর পরিচয় দাও।

(ঘ) ৩০৪ নং পত্রে বিবেকানন্দের যে ভাবাবেগ লক্ষ্য করা যায় তার পরিচয় দাও।

(ঙ) শিবনাথ শাস্ত্রীর মানস বিকাশে তাঁর পিতৃকুল ও মাতৃকুলের ভূমিকা লেখো।

(চ) সমাজে নারীর অবস্থান সম্পর্কে শিবনাথ শাস্ত্রীর মত তাঁর 'আত্মচরিত' গ্রন্থ অবলম্বনে লেখো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　১২×২ = ২৪

(ক) রবীন্দ্রনাথের ছিন্নপত্রে মর্ত্যপ্রীতির যে প্রতিফলন ঘটেছে তার পরিচয় দাও।

(খ) রবীন্দ্রনাথের ছিন্নপত্র তাঁর ছোটগল্পের বীজতলা — আলোচনা করো।

(গ) পত্রসাহিত্য হিসেবে স্বামী বিবেকানন্দের পত্রাবলীর সার্থকতা আলোচনা করো।

(ঘ) শিবনাথ শাস্ত্রীর ‘আত্মচরিত’ গ্রন্থে দাক্ষিণাত্য ভ্রমণের যে চিত্র ফুটে উঠেছে এবং সেখানে ঐ অঞ্চলের যে সমাজচিত্র ফুটে উঠেছে তা লেখো।

**অথবা**

## DSE-3B

### বাংলা কাব্য, উপন্যাস ও ছোটগল্প

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ‘মরীচিকা’ কাব্যখানি যতীন্দ্রনাথ সেনগুপ্ত কাকে উৎসর্গ করেছিলেন ? উৎসর্গপত্রে কী লেখা ছিল ?

(খ) আশাপূর্ণা দেবীর উপন্যাস ত্রয়ীর নাম ও প্রকাশকাল লেখো।

(গ) সুবর্ণলতার স্বামী ও সন্তানদের নাম লেখো।

(ঘ) বৈয়াকরণ শব্দের অর্থ কী ? গল্পটিতে বর্ণিত বিষয়টি অনধিক ছয় লাইনে বিবৃত করো।

(ঙ) ‘‘এ ধরা গোরস্থান
মরণের ভিতে স্মরণের ঢিপি দু’দিনে ভূমি সমান’’

– কোন্ কবিতার অংশ ? সংক্ষেপে নিহিতার্থ লেখো।

(চ) মুনীম্‌জী চরিত্রটি কোন্ গল্পের অন্তর্গত ? অতি সংক্ষেপে তার পরিচয় দাও।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ‘‘... ছেলে মেয়ে দুই-ই সমান সুবর্ণ, হেলা করিস না’’ - কোন্ প্রসঙ্গে কার কথা বলা হয়েছে ? প্রসঙ্গটি বিশদভাবে ব্যাখ্যা করো।

(খ) ‘সুবর্ণলতা’ উপন্যাসের নামকরণ কতখানি সার্থক বলে তুমি মনে করো ?

(গ) ‘চকাচকী’ গল্পের অন্তর্নিহিত অর্থ সংক্ষেপে লেখো।

(ঘ) ‘মানুষ’ কবিতায় কবি যতীন্দ্রনাথ সেনগুপ্ত মানুষের কোন্ রূপের ছবি এঁকেছেন তার পরিচয় দাও।

(ঙ) ‘রূপহীনা’ কবিতার অন্তর্নিহিত তাৎপর্য পরিস্ফুট করো।

(চ) ‘পত্রলেখার বাবা’ গল্পের মূল বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) ‘মরীচিকা’ কাব্যগ্রন্থে কবি যতীন্দ্রনাথ সেনগুপ্তের কবি মানসের পরিচয় দাও।

(খ) ‘সুবর্ণলতা’ উপন্যাসে দুই বিপরীত ধ্যানধারণার যে সংঘাতের চিত্র তুলিকার আঁচড়ে তুলে ধরেছেন লেখিকা, তার পরিচয় দাও।

(গ) উপন্যাসে বর্ণিত সুবর্ণলতার ধ্যানধারণা যে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত সে বিষয়ে কোনো সন্দেহ নেই — বক্তব্যটি পরিস্ফুট করো।

(ঘ) ছোটগল্প হিসেবে ‘গণনায়ক’ গল্পের সার্থকতা বিচার করো।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 6th Semester Examination, 2022

## DSE-P4-BENGALI (4A/4B)

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-4A and DSE-4B.**
**The candidates are required to answer any *one* from *two* papers.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-4A

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) 'Folklore' শব্দটি কী জাতীয় শব্দ ? 'Folklore' শব্দটির কয়েকটি বাংলা প্রতিশব্দ লেখো।

(খ) 'সংস্কৃতি' শব্দটির উৎস লেখো এবং এর সংজ্ঞা দাও।

(গ) 'জাদুবিদ্যা' বলতে কী বোঝো ? উদাহরণ সহযাগে ব্যাখ্যা করো।

(ঘ) ছড়ার সংজ্ঞা দাও। ছড়ার তিনটি বৈশিষ্ট্য লেখো।

(ঙ) 'মান্যা' কাকে বলে ? উদাহরণ সহযোগে ব্যাখ্যা দাও।

(চ) উত্তরবঙ্গের তিনটি লোকনাট্যের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) লোকসংস্কৃতির সঙ্গে অভিজাত সংস্কৃতির পার্থক্য নিরূপণ করো।

(খ) ধাঁধার শ্রেণিবিভাগ করে বাংলা ধাঁধার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) টীকা লেখোঃ পটুয়া, আলকাপ।

(ঘ) লোকনাট্য বলতে কী বোঝো ? পারফরমিং আর্ট এবং নন-পারফরমিং আর্টের মধ্যে পার্থক্য নিরূপণ করো।

(ঙ) বাংলা লোকসংস্কৃতি চর্চার ইতিহাসে দীনেশচন্দ্র সেনের অবদান আলোচনা করো।

(চ) 'ভাটিয়ালি' লোকসংগীতের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা প্রবাদের সমাজচিত্র বিশদে আলোচনা করো।

(খ) ভারতীয় লোকনৃত্যের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(গ) লোককথার সংজ্ঞা ও স্বরূপ নির্ণয় করো। একটি লোককথার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) উত্তরবঙ্গে প্রচলিত লোকসংগীতগুলির পরিচয় দাও।

**অথবা**

## DSE-4B

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ‘কল্পবিজ্ঞান’ বলতে কী বোঝো ? কল্পবিজ্ঞানকে বিজ্ঞান বলা কতখানি যুক্তিসঙ্গত ?

(খ) ‘সব ভুতুড়ে’ গ্রন্থে মোট গল্পের সংখ্যা কয়টি ? প্রসঙ্গত যে-কোনো চারটি গল্পের নাম উল্লেখ করো।

(গ) লীলা মজুমদারের জন্ম ও মৃত্যুসন লেখো। তাঁর চারটি উল্লেখযোগ্য ভুতের গল্পের নাম লেখো।

(ঘ) কত সালে, কার কলমে বাংলা ভাষায় কল্পবিজ্ঞানের সূচনা হয় ? লেখাটি কুন্তলীন পুরস্কার প্রতিযোগিতায় কোন্ স্থান দখল করেছিল ?

(ঙ) ‘চাঁদের পাহাড়’ গ্রন্থ অবলম্বনে শঙ্করের ব্যক্তিগত পরিচয় দাও।

(চ) প্রেমেন্দ্র মিত্রের তিনটি কল্পবিজ্ঞান সিরিজ গল্পের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ‘সব ভুতুড়ে’ গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো।

(খ) কল্পবিজ্ঞানের সাহিত্যমূল্য সম্পর্কে আলোচনা করো।

(গ) শঙ্করের অভিযানের লক্ষ্য কীভাবে পূরণ হয়েছিল তা ‘চাঁদের পাহাড়’ গ্রন্থ অবলম্বনে আলোচনা করো।

(ঘ) সাধারণ ভূতের গল্পের চরিত্রের সঙ্গে লীলা মজুমদারের ভূত চরিত্রদের পাথর্ক্য কোথায় ? আলোচনা করো।

(ঙ) ‘চাঁদের পাহাড়’ গ্রন্থে শঙ্কর আফ্রিকা ভ্রমণের সময় যেসব বাধার সম্মুখীন হয়েছিল তার পরিচয় দাও।

(চ) কল্পবিজ্ঞানের শ্রেণিবিভাগ করে উদাহরণসহ সেগুলির আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা কল্পবিজ্ঞানের ক্রমবিকাশ সম্পর্কে আলোচনা করো।

(খ) ‘চাঁদের পাহাড়’ গ্রন্থটির নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) ‘চাঁদের পাহাড়’ গ্রন্থে যে রোমান্সের বর্ণনা রয়েছে, তা ব্যাখ্যা করো।

(ঘ) গোয়েন্দা কাহিনির উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে আলোচনা করো।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2022

## GE1-P2-BENGALI

### ছন্দ-অলঙ্কার পরিচয় এবং ঐতিহ্যবাহী লোকসংস্কৃতি, লোককৃতি ও লোকমনন পরিচিতি

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　　　৩×৪ = ১২

(ক) দল কাকে বলে ? অক্ষর ও দলের মধ্যে পার্থক্য করো।

(খ) বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দের প্রবর্তক কে ? এই ছন্দের সংজ্ঞা দাও।

(গ) উদাহরণসহ অতিশয়োক্তি অলংকারের সংজ্ঞা দাও।

(ঘ) শ্লেষ কাকে বলে ? এর প্রকারভেদগুলি লেখো।

(ঙ) ডোকরা, দারু ও নক্‌শী কোন্ ধরনের লোকশিল্প ?

(চ) গম্ভীরা কী ধরনের লোকসঙ্গীত ? এটি কোন্ অঞ্চলে প্রচলিত ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　　　　৬×৪ = ২৪

(ক) ছন্দলিপি নির্ণয় করোঃ

রাগ চড়ে মাথায় আমার, আমি তার মাথায় চড়ি।
বাপ ব্যাটা দুভাই মিলে সারাপাড়া মাথায় করি।

(খ) গগনে গরজে মেঘ ঘন বরষা
কূলে একা বসে আছি নাহি ভরসা।

(গ) অলংকার নির্ণয় করোঃ

(অ) গুরু গুরু মেঘ গুমরি গুমরি
গরজে গগনে গগনে
গরজে গগনে গগনে।

(আ) হৃদয় কাননে কত শত আশালতা
শুখায়ে মরিল।

(ঘ) (অ) ঘন বন তলে এসো ঘন নীল বসনা।

(আ) কণ্ঠস্বরে বজ্র লজ্জাহত

(ঙ) বোলান ও আলকাপের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(চ) সংক্ষিপ্ত টীকা লেখোঃ ভাওয়াইয়া, গাজন

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) দলবৃত্ত ছন্দ কাকে বলে ? এই ছন্দের অপর নামগুলি বলো। উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) উপমা অলংকার কাকে বলে ? এই ছন্দের কয়টি উপাদান ও কী কী ? উদাহরণসহ এই ছন্দের শ্রেণিবিভাজন করো।

(গ) প্রবাদ কী ? প্রবাদে কীভাবে সমাজচিত্র উঠে এসেছে তা আলোচনা করো।

(ঘ) ছড়ার গঠন ও বিষয় বৈচিত্র্য আলোচনা করো।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 6th Semester Examination, 2022

## SEC2-P2-BENGALI

### সৃজনমূলক লিখন চর্চা

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) ছোটগল্প কাকে বলে ? বিশ্বসাহিত্যে ছোটগল্পের আবির্ভাবকাল বলো।

(খ) ছোটগল্পের সমাপ্তি কেমন হয় ?

(গ) তাৎক্ষণিক বক্তব্যের সম্ভাষণ কেমনভাবে করবে ?

(ঘ) তাৎক্ষণিক বক্তব্য রাখার সময় কোন্ বিষয়টিকে বেশি গুরুত্ব দেবে ?

(ঙ) কবিতার চিত্রকল্প বলতে কী বোঝায় ?

(চ) কবিতার কাব্যসৌন্দর্য বিচারে ছন্দের ভূমিকা লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) ছোটগল্প রচনার ক্ষেত্রে ভাষার গুরুত্ব আলোচনা করো।

(খ) ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি লেখো।

(গ) তাৎক্ষণিক বক্তব্য উপস্থাপনার ক্ষেত্রে বক্তার কী কী গুণ থাকা আবশ্যক ?

(ঘ) তাৎক্ষণিক বক্তব্য উপস্থাপনার পূর্বে একজন বক্তা কীভাবে নিজেকে তৈরি করবেন ?

(ঙ) কাব্যসৌন্দর্য বিচারের ক্ষেত্রে অলংকার ব্যাখ্যার গুরুত্ব আলোচনা করো।

(চ) কবিতার কাব্যসৌন্দর্য বিচারের সময় যে বিষয়গুলিকে গুরুত্ব দেওয়া হয়, সেগুলি সূত্রাকারে লেখো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) মানবিক মহত্ত্বকে মাথায় রেখে একটি ছোটগল্প রচনা করো।

(খ) বিশ্ব পরিবেশ দিবস পালনের উদ্দেশ্যে আয়োজিত সভার জন্য একটি তাৎক্ষণিক বক্তব্য প্রস্তুত করো।

(গ) দ্রব্যমূল্য বৃদ্ধি সাধারণ মানুষের জীবনকে কেমনভাবে প্রভাবিত করছে সে বিষয়ে আয়োজিত নাগরিক সভার জন্য একটি তাৎক্ষণিক বক্তব্য প্রস্তুত করো।

(ঘ) তোমার পঠিত যে-কোনো একটি কবিতার কাব্যসৌন্দর্য বিচার করো।

——×——